

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ৪৬৯৬

আগরতলা, ২৫ জানুয়ারি, ২০২৪

প্রজাতন্ত্র দিবস : আগরতলায় যানবাহন চলাচলে বিধিনিষেধ

প্রজাতন্ত্র দিবস উপলক্ষে আগামীকাল আগরতলায় কয়েকটি রাস্তায় যানবাহন চলাচলে বিধিনিষেধ আরোপ করা হয়েছে। পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক এক বিজ্ঞপ্তিতে এই বিধিনিষেধ আরোপ করে জানিয়েছেন, সকাল সাড়ে ৮টা থেকে দুপুর ১২টা পর্যন্ত গোর্খাবন্তি থেকে দক্ষিণ দিকে, বুদ্ধমন্দির থেকে উত্তর দিকে ও মালঝনিবাস থেকে সার্কিট হাউসের দিকে সব ধরনের ব্যক্তিগত গাড়ি, বাণিজ্যিক গাড়ি, দ্বিত্রিয়ান, ই-রিস্কা, রিস্কা ও ঠেলাগাড়ি চলাচল করতে পারবে না। স্কুলের ছাত্রছাত্রীদের গাড়ির ক্ষেত্রে এই বিধিনিষেধ প্রযোজ্য হবে না। বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, জিবি হাসপাতালে রোগীদের নিয়ে যাওয়ার জন্য অভয়নগর বাজার-কুমারীটিলা রাস্তা ব্যবহার করা যেতে পারে। বিমানযাত্রীদের প্রতি অনুরোধ করা হয়েছে তারা যেন দুর্গাচৌমুহনি হয়ে বড়জলা রাস্তা (পঞ্চবটি কালীমন্দির হয়ে) ব্যবহার করেন।

বিজ্ঞপ্তিতে নো পার্কিং জোনও ঘোষণা করা হয়েছে। এগুলি হলো, পুরোনো রাজভবনের প্রধান গেট থেকে বুদ্ধমন্দির পর্যন্ত রাস্তার দুই দিক, বুদ্ধমন্দির থেকে পুরোনো ১নং এমএলএ হোস্টেল (ক্যান্টনমেন্ট রোড) রাস্তার দুই দিক এবং বুদ্ধমন্দির থেকে অভয়নগর পোস্টঅফিস পর্যন্ত রাস্তা।
